

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস
বিশ্ববিদ্যালয়

খুলশী, চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ
ফোন: ০৩১-৬৫৯০৯৩ ফ্যাক্স: ৬৫৯৬২০
ওয়েবসাইট: www.cvasu.ac.bd

স্মারক নং- চভেএসাবি/পিআর-১/২০১৯/

তারিখ: ১২/০৩/২০১৯ খ্রি.

বরাবর,
সম্পাদক/বার্তা সম্পাদক/ব্যুরো চিফ/চিফ রিপোর্টার,
স্থানীয় ও জাতীয় দৈনিক/বার্তা সংস্থা/টিভি চ্যানেল/রেডিও/অনলাইন মিডিয়া,
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

সিভাসু ছায়া জাতিসংঘ সম্মেলন শুরু ১৪ মার্চ উদ্বোধন করবেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে (সিভাসু) আগামী ১৪ মার্চ শুরু হচ্ছে তিন দিনব্যাপী সিভাসু ছায়া জাতিসংঘ সম্মেলন-২০১৯। ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্মেলনের উদ্বোধন করবেন।

সিভাসু মডেল ইউনাইটেড নেশনস অ্যাসোসিয়েশন (CVASUMUNA)-এর উদ্যোগে আয়োজিত সম্মেলনের প্রতিবাদ্য হলো- 'এসডিজি বাস্তবায়নের মাধ্যমে আন্তর্জাতিক শান্তি ও উন্নত অর্থনীতি নিশ্চিতকরণ' (Ensuring International Peace and Developed Economy through SDGs Implementation)।

বাংলাদেশে কৃষিবিষয়ক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সিভাসুতে প্রথমবারের মতো অনুষ্ঠিতব্য এই সম্মেলনে ভারত, শ্রীলংকা ও নেপালের তিনটিসহ মোট ৩৭টি স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের প্রায় ৩৫০ জন প্রতিনিধি অংশগ্রহণ করবেন। সমসাময়িক বৈশ্বিক নানা ইস্যু নিয়েই মূলত: এই সম্মেলন। অংশগ্রহণকারীরা যুক্তরাষ্ট্র, রাশিয়া, চীন, যুক্তরাজ্য, জাপান, ভারত, ইরাক, ইরান, বাংলাদেশ, পাকিস্তান, মায়ানমার, ভেনিজুয়েলা, দক্ষিণ আফ্রিকা, সিরিয়া, ইসরাইল, সৌদি আরব, কানাডা, কোরিয়াসহ ৮০টি দেশের ছায়া প্রতিনিধিত্ব করবেন। এছাড়াও অংশগ্রহণকারীরা সম্মেলনে UNDP, UNICEF, UNHRC, FAO, UNEP, UNSC, DISEC এবং International Press (IP)-এর প্রতিনিধিত্ব করবেন।

বৃহস্পতিবার সকাল ১০টায় সিভাসু অডিটোরিয়ামে অনুষ্ঠিতব্য সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. গৌতম বুদ্ধ দাশ। সিভাসু'র ভেটেরিনারি মেডিসিন অনুষদের ছাত্র এবং সিভাসু মডেল ইউনাইটেড নেশনস অ্যাসোসিয়েশন (CVASUMUNA)-এর সভাপতি পার্থ সামন্ত উক্ত সম্মেলনে সভাপতিত্ব করবেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর জাতিসংঘ সম্মেলনের আদলে তিনদিন ধরে বিভিন্ন সেশনে সম্মেলনের কার্যক্রম অনুষ্ঠিত হবে। আগামী ১৬ মার্চ শনিবার বিকালে সমাপনী অনুষ্ঠানে পদক বিতরণের মাধ্যমে শেষ হবে সিভাসু ছায়া জাতিসংঘ সম্মেলন ২০১৯।

এই ধরনের সম্মেলনের মাধ্যমে শিক্ষার্থীরা একদিকে যেমন কূটনীতি, আন্তর্জাতিক ও রাজনৈতিক বিষয়াবলী এবং জাতিসংঘ সম্পর্কে ধারণা লাভ করে, তেমনি গঠনমূলক চিন্তাধারা, সৃজনশীলতা, নেতৃত্ব, সংকটপূর্ণ মুহূর্তে সিদ্ধান্ত গ্রহণ, সাবলীল বাচনভঙ্গি, দলগতভাবে কাজ করা, সুস্থ বিতর্ক চর্চা ইত্যাদি বিষয়েও দক্ষতা অর্জন করে থাকে।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-
(খলিলুর রহমান)
উপ-পরিচালক
(জনসংযোগ ও প্রটোকল)
মোবাইল: ০১৭১২-৭৭১৮২৭